

প্রেস বিজ্ঞপ্তি
কৃষি জমি রক্ষা করতে গ্রাম পর্যায়ে পরিকল্পিত
আবাসন ব্যবস্থা গড়ে তুলতে হবে।

মাননীয় কৃষি মন্ত্রী

ঢাকা, ১৫ মাঘ, ১৪২১ বঃ; ২৮ জানুয়ারী ২০১৫ খ্রিঃ

মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, কৃষি জমি রক্ষা করতে গ্রাম পর্যায়ে পরিকল্পিত আবাসন গড়ে তুলতে হবে। লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

আজ বুধবার' পরিকল্পিত আবাস গড়ি' কৃষি জমি রক্ষা করি' শ্লোগানের মাধ্যমে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের ৪০ বছর পূর্তি উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন 'খাদ্য নিরাপত্তা অর্জনে কৃষি জমি রক্ষা করা প্রয়োজন। অপরিকল্পিত নগরায়নের ফলে প্রতিবছর কৃষি জমি কমছে। এ ক্ষেত্রে গ্রামে ফেরোসিমেন্ট প্রযুক্তিতে বহুতল ভবন নির্মাণের মত স্লিম অ্যান্ড স্মার্ট প্রকল্প নিয়ে এগিয়ে যাওয়ার আহ্বান জানিয়ে।


কৃষিমন্ত্রী বলেন, আমাদের গড় আয়ু বাড়ছে। এর সঙ্গে রুচিরও পরিবর্তন হচ্ছে। তাই এখন প্রযুক্তি নির্ভর ও বাস্তবসম্মত কার্যক্রম হাতে নিয়ে অভিজ্ঞতা কাজে লাগাতে হবে। বিদেশীদের অনুকরণের কথা উল্লেখ করে মতিয়া চৌধুরী বলেন, অনেক কিছু করি বিদেশী প্রেসক্রিপশন অনুযায়ী। এগুলো মোটেও ঠিক নয়। আমাদের দেশে কী প্রয়োজন, কীভাবে কাজ করতে হবে, এটা আমরাই ভালো বলতে পারবো। তাই কোনো অনুকরণ নয় এবং সেগুলো দেখে নিজেদের জ্ঞান কাজে লাগাতে হবে।

তিনি বলেন, কৃষি থেকে আমরা কোনোভাবেই বেরিয়ে আসতে পারবো না। শ্রম শক্তি প্রাণ শক্তি ও মেধা শক্তিকে কাজে লাগাতে হলে অবশ্যই খাদ্য শক্তির দিকে নজর দিতে হবে। আর এজন্য দরকার অধিক খাদ্য উৎপাদন করা।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালে "হাউজিং এন্ড রিসার্চ সেন্টার" প্রকল্প অনুমোদন করেন। সেই থেকে আজকের এইচবিআরআই ইমারত ও নির্মাণ সামগ্রীর নতুন নতুন উদ্ভাবন করছে যা সাধারণ মানুষের কাজে লাগছে।

৫দিন ব্যাপী ৪০ বছর পূর্তি অনুষ্ঠান উপলক্ষ্যে এইচবিআরআই প্রাঙ্গনে ইমারত ও নির্মাণ সামগ্রী মেলারও উদ্বোধন করা হয়। এতে ২৫টি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন এইচবিআরআই পরিচালক মোহাম্মদ আবু সাদেক। সভাপতিত্ব করেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এম বজলুল করিম চৌধুরী।


বিবেকানন্দ রায়

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mavivekroy07@yahoo.com